গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
ইউরোপ-৩ শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা।
(www.erd.gov.bd)

**প্রেস বিজ্ঞপ্তি**

আজ ৩০ অক্টোবর ২০২৫ তারিখে ঢাকায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং জার্মান সরকারের মধ্যে "Promotion of Climate-Friendly Energy Supply (Smart Grids 2)" শীর্ষক প্রকল্পের জন্য ৮০ মিলিয়ন ইউরো ঋণ চুক্তি এবং ১ মিলিয়ন ইউরো অনুদান চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)-এর সচিব জনাব মোঃ শাহ্রিয়ার কাদের ছিদ্দিকী এবং জার্মান সরকারের পক্ষে কেএফডব্লিউ ডেভেলপমেন্ট ব্যাংকের দক্ষিণ এশিয়া অঞ্চলের Director মিজ Carolin Gassner ও Portfolio Manager মিজ Christina Poppe ঋণ ও অনুদান চুক্তিতে স্বাক্ষর করেন।

বিদ্যমান ২৫টি আউটডোর সাবস্টেশনের ক্ষমতা ৮৪২ এমভিএ থেকে ১,২৬০ এমভিএ-তে উন্নীত ও আধুনিকীকরণ এবং প্রকল্প এলাকায় নিরবচ্ছিন্ন, নির্ভরযোগ্য ও দক্ষ বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা এবং জুন ২০২৯-এর মধ্যে সিস্টেম লস ৬.৬২% থেকে ৫.৮২%-এ এবং System Average Interruption Duration Index (SAIDI) ৩৩২ মিনিট থেকে ৩০০ মিনিটে হ্রাস করাই হচ্ছে প্রকল্পের মূল উদ্দেশ্য। প্রকল্পটি বিদ্যুৎ বিভাগের আওতায় এবং বাংলাদেশ পল্লী বিদ্যুতায় বোর্ড (বিআরইবি) কর্তৃক বাস্তবায়ন করা হবে।

প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ১,৮১৭.৯৯ কোটি টাকা, যার মধ্যে বাংলাদেশ সরকারের অংশগ্রহণ ৪৭৯.৯৭ কোটি টাকা, প্রকল্প সাহায্য ১,০৮০.৬৭ কোটি টাকা এবং বাস্তবায়নকারী সংস্থার নিজস্ব তহবিল ২৫৭.৩৫ কোটি টাকা। অনুদান চুক্তিটির আওতায় ১.০০ মিলিয়ন ইউরো বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডকে অনুদান হিসেবে প্রদান করা হবে যা বিশেষজ্ঞ সেবা খাতে ব্যয় করা হবে। প্রকল্পের বাস্তবায়নকাল ১ জুলাই ২০২৫ থেকে ৩০ জুন ২০২৯ পর্যন্ত। প্রকল্পটি ১৭ আগস্ট ২০২৫ তারিখে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) কর্তৃক অনুমোদিত হয়।

জার্মান সরকার দীর্ঘদিন ধরে বাংলাদেশের উন্নয়ন সহযোগী হিসেবে কাজ করে আসছে। ১৯৭২ সাল থেকে জার্মান সরকারের আর্থিক ও কারিগরি সহায়তার মোট প্রতিশ্রুতি প্রায় ৪.০০ বিলিয়ন ইউরো। বর্তমানে কেএফডব্লিউ ডেভেলপমেন্ট ব্যাংক বাংলাদেশে ১২টি প্রকল্পে অর্থায়ন করছে, যার মধ্যে ৫৬৭.৫০ মিলিয়ন ইউরো ঋণ এবং ১৬৯.০০ মিলিয়ন ইউরো অনুদান হিসেবে প্রদান করছে।

৩০/১০/২৫

মোঃ মাকসুদ আলম
উপসচিব
ফোন: ৪৮১১১৯৮৭১